# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭৩

পর্ব-২: ‘ইলম (বিদ্যা) (كتاب العلم)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّالِثُ

---

## আরবী

وَعَنِ ابْنِ سِيرِينَ قَالَ: إِنَّ هَذَا الْعِلْمَ دِينٌ فَانْظُرُوا عَمَّنْ تَأْخُذُونَ دِينَكُمْ. رَوَاهُ مُسْلِمٌ

## বাংলা

২৭৩-[৭৬] ইবনু সীরীন (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নিশ্চয়ই এ (সানাদের) ’ইলম হচ্ছে দীন। অতএব তোমরা লক্ষ্য রাখবে যে, তোমাদের দীন কার নিকট হতে গ্রহণ করছো। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুক্বদ্দামাহ্ মুসলিম।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: উল্লিখিত আসার থেকে বুঝা যায়, দলীল-প্রমাণাদি ছাড়া দীনের কোন বিষয় গ্রহণযোগ্য নয়। এক সময় এমন ছিল মানুষ সানাদ সম্পর্কে জিজ্ঞেস করতো না, অতঃপর যখন ফিতনাহ্ সংঘটিত হলো অর্থাৎ- সুফিবাদী ও অন্যান্য ইসলাম বিধ্বংসীরা হাদীস তৈরি করতে লাগলো, তখন মুহাদ্দিসদের কাছে কোন ব্যক্তি হাদীস বর্ণনা করলে তাঁরা সে হাদীসের রাবীদের নাম উল্লেখ করতে বলতেন। অতঃপর রাবীদেরকে সুন্নাতের অনুসারী পেলে তাদের হাদীস গ্রহণ করতো আর বিদ‘আতকারী হিসেবে পেলে তাদের হাদীস প্রত্যাখ্যান করতেন। মানুষদেরকে হাদীসের সানাদের প্রতি খেয়াল করতে উৎসাহিত করতেন ও সতর্ক করতো।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54832

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন